

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৯৪
আগরতলা, ২০ এপ্রিল, ২০১৭

পশ্চিম জেলায় ৩৮টি গভীর নলকূপ খনন হবে

চলতি অর্থ বছরে পশ্চিম জেলায় মোট ৩৮টি নতুন ডিপটিউবওয়েল খননের লক্ষ্যমাত্রা হাতে নেওয়া হয়েছে। প্রতিটি নতুন ডিপটিউবওয়েল খননে ২২ লক্ষ টাকা করে ব্যয় হবে। গত অর্থ বছরে এই জেলায় মোট ২৯টি নতুন ডিপটিউবওয়েল খননের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছিল। সবগুলিই চালু করা হয়েছে। আজ পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগৃহে পরিষদের দারিদ্র দূরীকরণ বিষয়ক স্থায়ী কমিটির সভায় পানীয় জল ও স্বাস্থ্যবিধি কার্যালয়ের কার্যনির্বাহী প্রকৌশলী অজিত দেবনাথ এই তথ্য জানান। স্থায়ী কমিটির সভাপতি মনু রঞ্জন দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় পরিষদের সহকারী সভাপতি মনমোহিনী দেবনাথ, সদস্যগণ ছাড়াও সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

গ্রামোন্নয়ন দপ্তরের সহকারী প্রকৌশলী ইন্দ্রজিৎ ভৌমিক জানান, এই জেলায় বিভিন্ন পরিকাঠামো উন্নয়নে মোট ২০১টি কাজ হাতে নেওয়া হয়। এখন পর্যন্ত ৮০টি কাজ সম্পন্ন করা হয়েছে। ১২১টি-র কাজ চলছে। গ্রাম উন্নয়ন সংস্থার সহকারী প্রকল্প অধিকর্তা জি আর দাস জানান, এই জেলার ৯টি ব্লক এলাকায় প্রধানমন্ত্রী আবাস যোজনায় নতুন ১৮৯৯টি পরিবারের ঘর নির্মাণের কাজ চলছে। মৎস্য দপ্তরের আধিকারিক বিজয় রায় সভায় জানান, এই জেলায় ১৯টি মৎস্যজীবী পরিবারকে মৎস্য দপ্তরের উদ্যোগে গৃহ নির্মাণ করে দেয়ার কাজ চলছে। বন দপ্তরের অতিরিক্ত জেলা বনাধিকারিক চিত্তরঞ্জন দেববর্মা সভায় জানান, এই জেলার রাস্তার দু'পাশে ৪৬.১৫ হেক্টর এলাকায় বনায়ন করা হয়েছে। কৃষি বনায়ন ১৭৫ হেক্টরে এবং পলিব্যাগ নার্সারী করা হয়েছে ৩.৫২ হেক্টর এলাকায়। সেগুন নার্সারী করা হয়েছে ৩০০০টি।

To remove this message
product at www.SmartPDFC